১৫৮

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**
**সদর কার্যালয়, বিআরটিএ ভবন**
**নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।**
**(এনফোর্সমেন্ট শাখা)**
**www.brta.gov.bd**

**২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা নৈতিকতা কমিটির সভার (২য় প্রান্তিক) কার্যবিবরণী**

সভাপতি ঃ নুর মোহাম্মদ মজুমদার
চেয়ারম্যান, বিআরটিএ

সভার তারিখ ঃ ২৯.১০.২০২৩ খ্রিঃ
সময় ঃ সকাল ১০.৩০ টা
সভার স্থান ঃ বিআরটিএ-র সম্মেলন কক্ষ, ঢাকা

সভায় উপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপপরিচালক (এনফোর্সমেন্ট) ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি উপস্থিত সদস্যদের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বিষয় আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে ও বাস্তবায়ন অগ্রগতি প্রমাণকসহ এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (সকল) বিআরটিএ |
| ২. | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, ২য় কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে একটি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী জরুরি ভিত্তিতে সকল অংশীজন বিশেষকরে মাঠ পর্যায়ে সেবা গ্রহীতাসহ আগামী সভায় উপস্থিত রাখার নির্দেশনা প্রদান করেন। | নভেম্বর, ২০২৩ মাসের মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সকল অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| ৩. | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনঃ<br>ক) সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮<br>খ) সরকারী কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯<br>গ) সরকারী চাকরী আইন, ২০১৮ এবং<br>ক) সচিবালয় নির্দেশমালা, ২০১৪<br>খ) ই নথি<br>গ) তথ্য অধিকার আইন, ২০০৯ ও সংশ্লিস্ট বিষয়সমূহ | সভায় পরিচালক (প্রশিক্ষণ) জানান যে, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ আয়োজন করা হবে। ইতোমধ্যে ক) সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ খ) সরকারী কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ এবং গ) সরকারী চাকরী আইন, ২০১৮ সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সংশ্লিষ্ট বিষয়ের প্রশিক্ষণ নির্ধারিত তারিখের মধ্যে আয়োজন করতে হবে এবং ২য় প্রান্তিকে অনুষ্ঠিত প্রশিক্ষণের প্রমাণক (নোটিশ, হাজিরা শীট, সম্মানী ভাতার শীট ও ছবি ইত্যাদি) এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) বিআরটিএ |
| ৪. | কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি)। | | | |
| | ১.৫ (খ) পরিচ্ছন্নতা অভিযান | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, | নির্ধারিত সময়ের মধ্যে পরিচ্ছন্নতা | উপপরিচালক |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৯. | বিআরটিএ'র বিভিন্ন জনবান্ধব ও জনসচেতনতামূলক সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, বিআরটিএ কর্তৃক ২য় কোয়ার্টারে ৬০টি সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যমাত্রা রয়েছে। ২য় কোয়ার্টারে অক্টোবর/২০২৩ পর্যন্ত ৫৮টি সেবা বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।<br>সভাপতি জনসচেতনতা, সতর্কতা, ডিজিটাল সেবা এবং অন্যান্য সেবামূলক বিজ্ঞপ্তি প্রচারের নির্দেশনা প্রদান করেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। | উপপরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ |
| ১০. | অবৈধ মোটর ড্রাইভিং স্কুলের বিরুদ্ধে অভিযান | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, অবৈধ মোটর ড্রাইভিং স্কুলের বিরুদ্ধে ২য় কোয়ার্টারে ১৫টি অভিযান পরিচালনার জন্য লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে অক্টোবর/২০২৩ পর্যন্ত অবৈধ মোটর ড্রাইভিং স্কুলের বিরুদ্ধে ৭ টি অভিযান পরিচালনা করে ১২,০০০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।<br><br>সভাপতি লক্ষ্যমাত্রা অর্জনের তাগিদ প্রদান করেন। | ২য় কোয়ার্টারে ১৫টি অভিযান পরিচালনার লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ভ্রাম্যমাণ আদালত কর্তৃক অভিযান পরিচালনা নিশ্চিত করতে হবে। | উপপরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ |
| ১১. | হাইওয়েতে নিষিদ্ধ ঘোষিত/অযান্ত্রিক মোটরযানের বিরুদ্ধে অভিযান | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, হাইওয়েতে নিষিদ্ধ ঘোষিত/অযান্ত্রিক মোটরযানের বিরুদ্ধে ২য় কোয়ার্টারে ২০টি অভিযান পরিচালনার জন্য লক্ষ্যমাত্রা রয়েছে।<br><br>সভাপতি লক্ষ্যমাত্রা অর্জনের তাগিদ প্রদান করেন। | ২য় কোয়ার্টারে ২০টি অভিযান পরিচালনার লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ভ্রাম্যমাণ আদালত কর্তৃক অভিযান পরিচালনা নিশ্চিত করতে হবে। | উপপরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নুর মোহাম্মদ মজুমদার)
চেয়ারম্যান
ফোনঃ ০২-৫৫০৪০৭১১

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০২.৫০.০০৮.১৯- ৪৫৬ তারিখঃ -১১-২০২৩খ্রিঃ।

**বিতরণ ও কার্যার্থেঃ-**

১। পরিচালক (প্রশাসন/এনফোর্সমেন্ট/অডিট ও আইন), বিআরটিএ সদর কর্যালয়, বনানী, ঢাকা।
২। পরিচালক (ইঞ্জিনিয়ারিং/অপারেশন/রোড সেফটি/প্রশিক্ষণ), বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
৩। উপপরিচালক (অর্থ/প্রশাসন), বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
৪। প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।

**অনুলিপিঃ**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১। চেয়ারম্যান মহোদয়ের এর একান্ত সচিব, সদর কার্যালয়, বিআরটিএ, বনানী, ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা। (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

(মোঃ হেমায়েত উদ্দিন)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোনঃ ০২-৫৮১৫৪৭০২২